



শিক্ষা স্কুল অ্যান্ড কলেজ

ঢাকার ন্যাশনাল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের প্রাক্তন শিক্ষক দ্বারা পরিচালিত
১৮৫, দাশপুকুর মোড়, সিটি বাইপাস, রাজশাহী। মোবাইল : ০১৭৭০৬৫৫৮৩১ ওয়েব : www.sscraj.com

০৫-১২-২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

সহকারী শিক্ষক: বাংলা, ইংরেজি, গণিত, ধর্ম ও নৈতিক শিক্ষা (কামিল/ ইসলাম শিক্ষা/ আরবিতে অনার্সসহ মাস্টার্স) বাংলাদেশ ও বিশ্বপরিচয় (ইতিহাস, ইসলামের ইতিহাস, সমাজকর্ম, সমাজকল্যাণ, সমাজবিজ্ঞান, ভূগোল, অর্থনীতি, দর্শন, মনোবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান ইত্যাদি) পদার্থ, রসায়ন, হিসাববিজ্ঞান (হিসাববিজ্ঞান, অর্থ ও ব্যাংকিং, ব্যবস্থাপনা ইত্যাদি) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, শিল্পকলা তথা ড্রইং (সরকারি বিধি মোতাবেক)।

জুনিয়র শিক্ষক: বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, ধর্ম ও নৈতিক শিক্ষা (কামিল/ ইসলাম শিক্ষা/ আরবিতে অনার্সসহ মাস্টার্স) বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ড্রইং।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। নতুন শিক্ষাক্রম উপযোগী ও কম্পিউটারে (Microsoft Office & Internet Browsing) পারদর্শী। শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ / শ্রেণি গ্রহণযোগ্য নয়।

আবেদনের নিয়ম: প্রার্থীদের স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও নাগরিক সনদপত্রের ফটোকপি ২ (দুই) কপি রঙিন ছবি এবং নগদ ৩০০/- টাকা বিদ্যালয়ে রশিদের মাধ্যমে প্রদান করে আগামী ২২-১২-২০২২ এর মধ্যে ১৮৫, দাশপুকুর মোড়, সিটি বাইপাস, রাজশাহী ঠিকানায় সরাসরি/ডাক/কুরিয়ারযোগে পৌঁছাতে হবে। আবেদনপত্র ও খামের উপর ফোন নম্বর, পদ ও বিষয়ের নাম উল্লেখ করতে হবে। প্রার্থীদের লিখিত পরীক্ষার (সম্ভাব্য ২৪ ডিসেম্বর, ২০২২) জন্য মোবাইল ফোনে জানানো হবে।

প্রার্থীর অযোগ্যতা: ভাষাগত দুর্বলতা, সক্রিয় রাজনীতি, ধূমপান, অসুন্দর হস্তাক্ষর ও যেকোনো ধরনের সুপারিশ।

পরীক্ষা সংশ্লিষ্ট তথ্য: প্রার্থীদের ৫০ নম্বরের (অবতীর্ণ বিষয়-৩৫, বাংলা-৫, ইংরেজি-৫, সাধারণজ্ঞান-৫) ১ ঘণ্টা ৩০ মিনিটের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার জন্য কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না এবং প্রার্থীদের কোনো টিএ/ডিএ দেয়া হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে মৌখিক পরীক্ষা এবং ডেমো ক্লাসে অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষা ও ডেমো ক্লাসে উত্তীর্ণ প্রার্থীদের সাময়িক নিয়োগ দেয়া হবে এবং প্রয়োজনে প্যানেলে রাখা হবে।

বেতন ও অন্যান্য সুবিধা : আলোচনা সাপেক্ষে আকর্ষণীয় বেতন প্রদান করা হবে। অনুকূল পরিস্থিতিতে চাকুরির মেয়াদ ১ বছর পূর্ণ হওয়ার পর দুটি ঈদ বোনাস, প্রতিবছর নির্দিষ্ট হারে ইনক্রিমেন্টসহ যোগ্যতা অনুযায়ী বেতন বৃদ্ধি হবে। বিদ্যালয়ে অতিরিক্ত ক্লাস করানোর মাধ্যমে বাড়তি উপার্জনের সুযোগ থাকবে। পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

কর্মঘণ্টা: জুনিয়র শিক্ষকদের কমপক্ষে ৫ ঘণ্টা (সকাল ৮.৩০- দুপুর ১.৩০), সহকারী শিক্ষকদের ৬ ঘণ্টা (সকাল ৮.৩০- দুপুর ২.৩০ টা)।

বি.দ্র. প্রার্থীদের ব্যক্তিগত জীবনে নামাজি হতে হবে।

অধ্যক্ষ

শিক্ষা স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী।